# প্রশাসনে ধর্মভিত্তিক দলঘেঁষাদের নিয়োগ দেওয়া হচ্ছে: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, সরকার প্রশাসনের গুরুত্বপূর্ণ পদগুলোতে একটি ধর্মভিত্তিক দলের অনুগতদের বসাচ্ছে। তিনি বলেন, এসব পদক্ষেপ নির্বাচনের পরিবেশকে প্রভাবিত করছে এবং জনগণের আস্থা নষ্ট করছে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন যে, প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে একটি ধর্মভিত্তিক দলের অনুসারীদের বসানো হচ্ছে। এতে নিরপেক্ষ প্রশাসন গঠনের বদলে দলীয় স্বার্থ রক্ষার চেষ্টা চলছে বলে তিনি মন্তব্য করেন।

শনিবার (৪ অক্টোবর) সকালে ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশের (এ্যাব) নবগঠিত কমিটির সদস্যদের নিয়ে দলের প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রিজভী এ কথা বলেন।

তিনি বলেন, “নতুন নতুন ইস্যু তৈরি করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে। মিথ্যা তথ্য ও পরিসংখ্যান দিয়ে সত্যকে ঢেকে রাখা যাবে না। গত ১৫ বছর ধরে কারা আপোষহীনভাবে গণতন্ত্রের জন্য লড়াই করেছে—সেটা জনগণ ভালোভাবেই জানে।”

রিজভী আরও বলেন, “দলীয় অনুগত প্রশাসনের মাধ্যমে কখনোই সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। আগামী ফেব্রুয়ারির নির্বাচনের জন্য জনগণ প্রস্তুত, তারা আর আগের মতো প্রহসনের নির্বাচন দেখতে চায় না।”

এ সময় তিনি ভারতের একটি পূজা মণ্ডপে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিকৃতি প্রদর্শনের ঘটনাকে নিন্দনীয় বলে মন্তব্য করেন এবং এমন কর্মকাণ্ডের মাধ্যমে সাম্প্রদায়িক বিভাজন বাড়ানোর অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেন।